

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১২৭৬

সোনামুড়া, ১৯ সেপ্টেম্বর, ২০২৪

দুর্গোৎসব শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে সোনামুড়ায় বৈঠক অনুষ্ঠিত

সোনামুড়া মহকুমায় দুর্গোৎসবের দিনগুলিতে সুষ্ঠ ও শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে আজ সোনামুড়া নতুন টাউনহলে মহকুমা প্রশাসনের উদ্যোগে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিধায়ক কিশোর বর্মণ। বৈঠকের শুরুতে মহকুমা শাসক মহেন্দ্র কাষে (চাকমা) পূজা উপলক্ষে সরকারি বিভিন্ন নির্দেশিকা সম্পর্কে বৈঠকে উপস্থিত বিভিন্ন ক্লাবের প্রতিনিধিদের অবহিত করেন। বৈঠকে বিধায়ক কিশোর বর্মণ দুর্গাপূজার প্যানেলগুলিতে নেশাবিরোধী ও বিভিন্ন সদর্থক সামাজিক দৃষ্টিভঙ্গীমূলক প্রচার সজ্জা করার জন্য সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান। বন্যা পরবর্তী পরিস্থিতিতে অপেক্ষাকৃত সংক্ষিপ্ত পরিসরে পুজোর আয়োজন করার জন্য তিনি পুজো উদ্যোগাদের প্রতি আহ্বান জানান। বৈঠকে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সোনামুড়া নগরপঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী, ভাইস চেয়ারপার্সন শাহজাহান মির্যাঁ, মহকুমা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান স্বপন কুমার দাস, কাঠালিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মিঠুরাণী দাস, মহকুমা পুলিশ আধিকারিক শশীমোহন দেববর্মা, সমাজসেবী বিশ্বজিৎ দাস প্রমুখ।

\*\*\*\*\*